# গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান তারেক রহমানের



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক গণতন্ত্র দিবসে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানিয়েছেন। তিনি অবাধ ও নিরপেক্ষ নির্বাচন, বিচার বিভাগের স্বাধীনতা এবং গণমাধ্যমের স্বাধীনতাকে রাষ্ট্র মেরামতের ভিত্তি হিসেবে উল্লেখ করেন। অন্যদিকে, বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরও গণতন্ত্রকে স্থায়ী করতে নিরপেক্ষ নির্বাচনের ধারাবাহিকতার ওপর গুরুত্ব দেন।

আন্তর্জাতিক গণতন্ত্র দিবস উপলক্ষে রোববার (১৪ সেপ্টেম্বর) সন্ধ্যায় এক ফেসবুক পোস্টে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেন, বাংলাদেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করতে হলে একযোগে কাজ করতে হবে। তিনি উল্লেখ করেন, অবাধ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন হবে রাষ্ট্র মেরামতের ভিত্তি। সেইসঙ্গে বিচার বিভাগ ও গণমাধ্যমের স্বাধীনতা এবং গণতন্ত্রের সকল মূলনীতির প্রাতিষ্ঠানিক প্রয়োগ নিশ্চিত করার আহ্বান জানান তিনি।

তারেক রহমান আরও অভিযোগ করেন, গত দেড় দশক ধরে আওয়ামী ফ্যাসিবাদের কারণে দেশে গণতন্ত্র অবরুদ্ধ ছিল।

অন্যদিকে, পৃথক বিবৃতিতে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, গণতন্ত্রের চর্চা অব্যাহত থাকলে কোনও স্বৈরশক্তিই মাথাচাড়া দিতে পারে না। তিনি মনে করেন, জুলাই-আগস্টের ঐতিহাসিক রক্তস্নাত আন্দোলনের মাধ্যমে বিজয় অর্জন হলেও পূর্ণ গণতন্ত্র এখনো আসেনি। এ সময় তিনি জোর দিয়ে বলেন, গণতন্ত্রকে স্থায়ী রূপ দিতে হলে নিরপেক্ষ নির্বাচনের ধারাবাহিকতা নিশ্চিত করা জরুরি।